গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বস্ত্র, পাট, শ্রম ও কর্মসংস্থান উইং
www.plancomm.gov.bd

নং- ২০.০৫.০০০০.৪৩২.০১৪.০৫৬.২০-২৪১

তারিখ : ২৬ চৈত্র ১৪২৯ / ০৯ এপ্রিল ২০২৩

বিষয় : "বঙ্গবন্ধু বস্ত্র ও পাট জাদুঘর এবং ফ্যাশন ডিজাইন ইনস্টিটিউট স্থাপন" শীর্ষক প্রকল্পের উপর প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃক প্রস্তাবিত "বঙ্গবন্ধু বস্ত্র ও পাট জাদুঘর এবং ফ্যাশন ডিজাইন ইনস্টিটিউট স্থাপন" শীর্ষক প্রকল্পের উপর প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের সদস্য (সচিব) জনাব আবদুল বাকী এর সভাপতিত্বে ০২ এপ্রিল ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়।

০২। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ০২ (দুই) পাতা।

৯/০৪/২০২৩
(মোঃ আব্দুল লতিফ ডাকুয়া)
গবেষণা কর্মকর্তা
ফোন : ০২-৪৮১১০২৯৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষন ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৫। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। চেয়ারম্যান, বাংলাদেশে তাঁত বোর্ড, বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা।
০৮। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৯। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১০। যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

০১। সদস্য মহোদয়ের একান্ত সচিব, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, ব্লক-১৩, কক্ষ-১০ পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় (নোটিশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩। প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
০৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বস্ত্র, পাট, শ্রম ও কর্মসংস্থান উইং, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বস্ত্র, পাট, শ্রম ও কর্মসংস্থান উইং, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৬। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বস্ত্র, পাট, শ্রমও কর্মসংস্থান উইং
www.plancomm.gov.bd

**বিষয় : "বঙ্গবন্ধু বস্ত্র ও পাট জাদুঘর এবং ফ্যাশন ডিজাইন ইনস্টিটিউট স্থাপন" শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত পিইসি সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | আবদুল বাকী<br>সদস্য (সচিব)<br>শিল্প ও শক্তি বিভাগ |
| **সভার তারিখ ও সময়** | : | ০২ এপ্রিল ২০২৩ খ্রি. সকাল ১০.৩০ ঘটিকা। |
| **সভার স্থান** | : | শিল্প ও শক্তি বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-১০, কক্ষ নং-০৩)। |
| **সভায় উপস্থিতি** | : | পরিশিষ্ট-ক |

২। **উপস্থাপনা :**

**২.১** সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে শিল্প ও শক্তি বিভাগের প্রধান সভাকে অবহিত করেন যে, "বঙ্গবন্ধু বস্ত্র ও পাট জাদুঘর এবং ফ্যাশন ডিজাইন ইনস্টিটিউট স্থাপন" শীর্ষক প্রকল্পটি ৩০৯.৫০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০২২ হতে জুন ২০২৫ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হয়েছে। বস্ত্র ও পাট খাতের গৌরবময় ইতিহাস ও সোনালী ঐতিহ্য সাধারণ জনগণের কাছে তুলে ধরা, তাঁতিদের দক্ষতা উন্নয়নের জন্য উপযুক্ত প্রশিক্ষণ প্রদান এবং এবং দক্ষ ডিজাইনার ও মানব সম্পদ তৈরি করা এই প্রকল্পের মূল উদ্দেশ্য। প্রকল্পটির উপর ২৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রি. তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয় এবং ০৭ মার্চ ২০২১ খ্রি. তারিখে কার্যবিবরণী জারি করা হয়। পিইসি সভার কার্যবিবরণী জারির ৩৭৮ কার্যদিবস পর পুনর্গঠিত ডিপিপি প্রেরণ এবং পিইসি সভার সুপারিশের সাথে পুনর্গঠিত ডিপিপি'তে ব্যত্যয় থাকায় ২য় পিইসি সভা আহ্বান করা হয়েছে।

**২.২** বাংলাদেশ তাঁত বোর্ডের প্রধান (পরিকল্পনা ও বাস্তবায়ন), জনাব মোঃ আইয়ুব আলী প্রকল্পটির সম্পর্কে বিস্তারিত তথ্যাদি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশনের মাধ্যমে সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার তারাবোতে প্রকল্পটি বাস্তবায়নের প্রস্তাব করা হয়েছে। চেয়ারম্যান তাঁত বোর্ড জানান যে, জামদানি ও মসলিনের উৎপত্তিস্থল হিসেবে উক্ত স্থানকে প্রকল্প এলাকা হিসেবে নির্বাচন করা হয়েছে। বাংলাদেশ জাতীয় কারুশিল্প পরিষদ ও বেঙ্গল ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও 'ওয়ার্ল্ড ক্রাফট সিটি'র মর্যাদা লাভ করেছে। ইউনেস্কো কর্তৃক ২০১৩ সালে জামদানি বয়ন শিল্প কে 'ইনট্যানজিবল কালচারাল হেরিটেজ' এর মর্যাদা ও স্বীকৃতি প্রদান করা হয়েছে। ২০১৬ সালে জামদানি পণ্য বাংলাদেশের ভৌগোলিক সূচক (geographical indication) হিসেবে পরিগণিত হয়েছে। জিআই অর্জন, ইনট্যানজিবল কালচারাল হেরিটেজ ওয়ার্ল্ড ক্রাফটসিটি'র স্বীকৃতি লাভ জামদানি শিল্পের পীঠ স্থান হিসেবে

সোনারগাঁ এর সুনাম ও কৃতিত্ব বিশ্বদরবারে প্রতিষ্ঠিত হয়েছে। বাংলাদেশের বস্ত্র ও পাট খাতের গৌরবময় ইতিহাস ও সোনালী ঐতিহ্য সাধারণ জনগণের কাছে তুলে ধরার জন্য “বঙ্গবন্ধু বস্ত্র ও পাট জাদুঘর এবং ফ্যাশন ডিজাইন ইনস্টিটিউট স্থাপন” শীর্ষক প্রকল্পটি প্রস্তাব করা হয়েছে।

## ৩। আলোচনা :

**৩.১** সভাকে অবহিত করা হয় যে, “সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা” (জুন-২০২২) এর ১.১.২ অনুচ্ছেদ অনুযায়ী অভিজ্ঞ, নিরপেক্ষ পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সম্ভাব্যতা সমীক্ষার পরিবর্তে একটি আন্তঃমন্ত্রণালয় কমিটির মাধ্যমে প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা করা হয়েছে। বাংলাদেশ তাঁত বোর্ডের চেয়ারম্যান জানান যে, উক্ত কমিটিতে অভিজ্ঞ টেকনিক্যাল পার্সন অন্তর্ভুক্ত করা হয়। তিনি বলেন যে, বাংলাদেশ তাঁত বোর্ড, বস্ত্র ও পাট মন্ত্রণালয় ছাড়াও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় (BUTEX), বস্ত্র অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর এবং স্থাপত্য অধিদপ্তরের প্রতিনিধিদের সমন্বয়ে উক্ত কমিটি গঠন করা হয়। নতুন ভাবে তৃতীয় পক্ষের মাধ্যমে সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন করা সম্ভব হবে কীনা জানতে চাওয়া হলে তিনি জানান যে, এটি পুনরায় প্রণয়ন করতে যথেষ্ট সময় প্রয়োজন। তাছাড়া বর্তমান সম্ভাব্যতা প্রতিবেদনটি আন্তঃমন্ত্রণালয় কমিটিতে অন্তর্ভুক্ত নিরপেক্ষ, অভিজ্ঞ, টেকনিক্যাল পার্সনদের মাধ্যমে প্রণয়ন করা হয়েছে।

**৩.২** পুনর্গঠিত ডিপিপি’তে জাদুঘর ভবন এবং ফ্যাশন ডিজাইন ইনস্টিটিউট ভবন ছাড়াও পিইসি সভায় উপস্থাপিত হয়নি এমন ০৩টি নতুন অঙ্গ প্রশাসনিক ভবন, প্লাজা ভবন এবং মাল্টিপারপাস হল প্রস্তাব করা হয়েছে। এ তিনটি ভবনের প্রয়োজনীয়তা আছে কীনা এ বিষয়ে সভাপতি জানতে চাইলে বাংলাদেশ তাঁত বোর্ডের চেয়ারম্যান অবহিত করেন যে, নতুন ০৩টি অঙ্গ বাদ দিয়ে জাদুঘর ভবন ও ফ্যাশন ডিজাইন ইনস্টিটিউট এ ০২টি উর্ধ্বমুখী ভবন নির্মাণ করা যেতে পারে। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন। এছাড়া, সকল স্থাপনার রঙিন নকশা ও ডিজাইন ডিপিপি’তে সংযোজন এবং স্থাপনা নির্মাণের একক সকল ক্ষেত্রে ‘বর্গমিটারে’ উল্লেখ করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**৩.৩** কার্যক্রম বিভাগের প্রতিনিধি জনাব বাবুলাল রবিদাস সভাকে জানান যে, পরামর্শক নিয়োগে ‘Single Source Selection Method (SSSM)’ ক্রয় পদ্ধতি অনুসরণ করা যুক্তি সংগত নয়। ‘Single Source Selection Method (SSSM)’ ক্রয় পদ্ধতির পরিবর্তে ‘Quality Cost-Based Selection (QCBS)’ পদ্ধতি এবং পরামর্শকের TOR ও ব্যয় বিভাজনসমূহ ডিপিপি’তে সংযোজনের বিষয়ে একমত পোষণ করা হয়।

**৩.৪** শিল্প ও শক্তি বিভাগের বস্ত্র, পাট, শ্রম ও কর্মসংস্থান উইং-এর যুগ্মপ্রধান বলেন যে, ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে জেলা প্রশাসক অফিসের ২০১৯ সালের প্রাক্কলন অনুযায়ী ভূমি অধিগ্রহণ ব্যয় নির্ধারণ করা হয়েছে। ভূমি অধিগ্রহণের হালনাগাদ প্রাক্কলন প্রস্তুত করা সমীচীন হবে। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন। এছাড়া তিনি বলেন যে, প্রকল্পের মধ্যমেয়াদি বাজেট কাঠামো ছক, প্রকল্পের স্টিয়ারিং কমিটি (পিএসসি) ও প্রকল্পের বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর গঠন “সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা” (জুন ২০২২) অনুযায়ী প্রণয়ন করা প্রয়োজন।

৩.৫ প্রকল্পের ক্রয় পরিকল্পনায় আসবাবপত্র ও গাড়ি ক্রয়ের জন্য 'ডিপিএম' পদ্ধতির পরিবর্তে 'ওটিএম' পদ্ধতিতে ক্রয় করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। এছাড়া, বিভিন্ন আইটেমে 'থোক' এর পরিবর্তে সুনির্দিষ্ট পরিমাণ উল্লেখ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৬ শিল্প ও শক্তি বিভাগের প্রধান (অতিরিক্ত সচিব) বলেন যে, প্রকল্পের আওতায় বর্ণিত জাদুঘর এবং ফ্যাশন ডিজাইন ইনস্টিটিউট একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসেবে প্রকল্পটি অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে। প্রকল্পের গেইট, রাস্তা ইত্যাদি বিষয় যথাযথভাবে প্রদর্শনপূর্বক ডিজাইনটি আরো স্পষ্ট করে তৈরি করতে হবে। স্থাপনা সমূহের কালার ডিজাইন ও থ্রি-ডি প্রেজেন্টেশন ডিপিপি'তে সংযুক্ত করতে হবে।

৪। **সিদ্ধান্ত :**

প্রাসঙ্গিক বিষয়াদির উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ প্রতিপালন সাপেক্ষে "বঙ্গবন্ধু বস্ত্র ও পাট জাদুঘর এবং ফ্যাশন ডিজাইন ইনস্টিটিউট স্থাপন" শীর্ষক প্রকল্পটি অনুমোদনের জন্য সুপারিশ করা হয় :

৪.১ প্রস্তাবিত প্রকল্পে প্রশাসনিক ভবন, প্লাজা ভবন এবং মাল্টিপারপাস হল বাদ দিয়ে জাদুঘর ভবন ও ফ্যাশন ডিজাইন ইনস্টিটিউট এ ০২টি উর্ধ্বমুখী ভবন নির্মাণ করতে হবে। এছাড়া, হেলিপ্যাড নির্মাণ অঙ্গটি ডিপিপি থেকে বাদ দিতে হবে। প্রবেশ পথ, বর্হিগমন পথ, পার্কিং, মূল ফটকসহ স্থাপনাসমূহের রঙ্গিন নকশা, ডিজাইন ও থ্রি-ডি চিত্র ডিপিপি'তে অন্তর্ভুক্ত করতে হবে।

৪.২ ডিপিপি ছক হতে ডিজিটাল সার্ভে পরামর্শক বাদ দিতে হবে। জাদুঘর বিষয়ক পরামর্শক এর TOR ডিপিপি'তে সংযুক্ত করতে হবে। এছাড়া, প্রকল্পের ক্রয় পরিকল্পনায় পরামর্শক নিয়োগে 'Single Source Selection Method (SSSM)' ক্রয় পদ্ধতির পরিবর্তে 'Quality Cost-Based Selection (QCBS)' পদ্ধতি অনুসরণ করতে হবে।

৪.৩ প্রস্তাবিত নির্মাণ কাজের ব্যয় প্রাক্কলন এবং নির্মাণ এরিয়ার পরিমাণ ও একক সঠিকভাবে উল্লেখ করতে হবে।

৪.৪ জেলা প্রশাসক অফিস এর হালনাগাদ মূল্যের ভিত্তিতে ভূমি অধিগ্রহণের অঙ্গের ব্যয় পুনঃনির্ধারণ করতে হবে।

৪.৫ সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা (জুন ২০২২) অনুযায়ী মধ্যমেয়াদি বাজেট কাঠামো ছক পূরণ করতে হবে এবং প্রকল্পের স্টিয়ারিং কমিটি (পিএসসি) ও প্রকল্পের বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর গঠন উল্লেখ করতে হবে।

৪.৬ প্রকল্পের ক্রয় পরিকল্পনায় আসবাবপত্র ও গাড়ি ক্রয়ের জন্য 'ডিপিএম' পদ্ধতির পরিবর্তে 'ওটিএম' পদ্ধতি উল্লেখ করতে হবে। এছাড়া, বিভিন্ন আইটেমে 'থোক' এর পরিবর্তে সুনির্দিষ্ট পরিমাণ উল্লেখ করতে হবে এবং

৪.৭ মেশিনারি ও যন্ত্রপাতির ব্যয় প্রাক্কলন ও স্পেসিফিকেশন যথাযথভাবে প্রণয়নপূর্বক ডিপিপি'তে সংযোজন করতে হবে।

৪.৮ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ প্রতিপালনপূর্বক আরডিপিপি নির্ধারিত সময়ের মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।

৫। অতঃপর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬।০৪।২০১৬

(আবদুল বাকী)
সদস্য (সচিব)
শিল্প ও শক্তি বিভাগ
পরিকল্পনা কমিশন, ঢাকা।